গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং

নং-২০.০৫.০০০০.৪৭৮.১৪.৩০৩.১৭-**২২৭**

তারিখঃ ১০ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ
২৫ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ

## পিইসি সভার বিজ্ঞপ্তি

বিষয়ঃ "ডিপিডিসি'র আওতায় ঢাকার কাওরানবাজারে ভূ-গর্ভস্থ উপকেন্দ্র নির্মাণ প্রকল্প"-শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রস্তাবিত "ডিপিডিসি'র আওতায় ঢাকার কাওরানবাজারে ভূ-গর্ভস্থ উপকেন্দ্র নির্মাণ প্রকল্প"-শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি)'র সভা আগামী **০৪/১০/২০১৭ খ্রিঃ** তারিখ **বুধবার সকাল ১১.৩০ ঘটিকায়** পরিকল্পনা কমিশনের সদস্য (শিল্প ও শক্তি বিভাগ) মহোদয়ের সভাপতিত্বে তাঁর সম্মেলন কক্ষে (ব্লক-১০, কক্ষ-৩) অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় উপযুক্ত প্রতিনিধি (যুগ্ম-প্রধান/যুগ্ম-সচিব পর্যায়ের নিম্নে নয়) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সিনিয়র সিষ্টেম এনালিষ্ট এর কক্ষ
পরিকল্পনা বিভাগ
ডাইরী নং ৭০২ তারিখঃ ২৭/৯
সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারী প্রোগ্রামার-১
সহকারী প্রোগ্রামার-২
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
... কর্মকর্তা

২৫/৯/২০১৭
(মোঃ আশরাফুল ইসলাম)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১৮০৬৪৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ উপ-সচিব, বাজেট অধিশাখা-১৫)।
৩। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃঃআঃ যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা (১১ তলা)]।
৪। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৮। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৯। যুগ্ম-প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১০। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, ১ অব্দুল গণি রোড, ঢাকা।
১১। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানি লিঃ, আরডিএ ভবন, ফারুক স্মরনী, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা। [তাঁকে বিশেষ আমন্ত্রণে উপস্থিত থাকার অনুরোধসহ]

**অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপ-সচিব, প্রটোকল শাখা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
**(২৫ জন কর্মকর্তার চা-নাস্তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো)।**
২। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫। যুগ্ম-প্রধান (শিল্প ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬। যুগ্ম-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৭। উপ-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৮। ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা, পরিকল্পনা কমিশন চত্বর পুলিশ ক্যাম্প, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
**(তাঁকে সভায় আমন্ত্রিত অতিথিবৃন্দের কমিশন চত্বরে প্রবেশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।**
৯। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং

**বিষয়ঃ প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার জন্য কার্যপত্র।**

**১। প্রকল্পের নাম** : "ডিপিডিসি'র আওতায় ঢাকার কাওরানবাজারে ভূ-গর্ভস্থ উপকেন্দ্র নির্মাণ প্রকল্প" (Dhaka Underground Substation Construction Project at Kawranbazar under DPDC)

**২। উদ্যোগী বিভাগ/মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থাঃ**

**(ক) বিভাগ/ মন্ত্রণালয়** : বিদ্যুৎ বিভাগ/ বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
**(খ) বাস্তবায়নকারী সংস্থা** : ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি)

**৩। প্রকল্পের বাস্তবায়নকালঃ** ০১ জুলাই, ২০১৭ হতে ৩১ ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত।

**৪। প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ঃ**

(কোটি টাকায়)

| জিওবি | ডিপিডিসি'র নিজস্ব | প্রকল্প সাহায্য | মোট |
|---|---|---|---|
| ২৫৬.৩৩৬৮ | ৯৮.৪৬৩৩ | ৬৪৭.৭৬৩৬ | ১০০২.৫৬৩৭ |

**৫। প্রকল্পের অর্থায়নঃ** (লক্ষ টাকায়)

| অর্থায়নের ধরণ | জিওবি | ডিপিডিসি'র নিজস্ব তহবিল | প্রকল্প ঋণ সহায়তা | মোট | প্রকল্প সহায়তার উৎস |
|---|---|---|---|---|---|
| (ক) ঋণ (৪০%) | ১০২.৫৩৪৭ | ০.০০০০ | ৬৪৭.৭৬৩৬ | ৭৫০.২৯৮৩ | জাইকা |
| (খ) ইকুইটি (৬০%) | ১৫৩.৮০২১ | ০.০০০০ | ০.০০০০ | ১৫৩.৮০২১ | |
| (গ) অন্যান্য | ০.০০০০ | ৯৮.৪৬৩৩ | ০.০০০০ | ৯৮.৪৬৩৩ | |
| মোটঃ | ২৫৬.৩৩৬৮ | ৯৮.৪৬৩৩ | ৬৪৭.৭৬৩৬ | ১০০২.৫৬৩৭ | |

**৬। প্রকল্প এলাকাঃ**

| বিভাগ | জেলা | স্থান |
|---|---|---|
| ঢাকা | ঢাকা | কাওরানবাজার |

**৭। চলতি বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তি/বরাদ্দ চাহিদাঃ**

প্রকল্পটি ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বৈদেশিক সহায়তা প্রাপ্তির সুবিধার্থে অননুমোদিতভাবে নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত আছে (এডিপি পৃষ্ঠা-৭৮৯, ক্রমিক নং-১৪৮)।

**৮। প্রকল্পের উদ্দেশ্যঃ**

- কাওরানবাজার এলাকায় একটি ১৩২/৩৩ কেভি ও ৩৩/১১ কেভি ভূ-গর্ভস্থ গ্রীড উপকেন্দ্র নির্মাণ করে বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা মেটানো ও ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা;
- ডিপিডিসি এলাকায় লোডশেডিং হ্রাসকরণের মাধ্যমে জনদুর্ভোগ কমানো এবং বিদ্যুৎ ব্যবস্থার কারিগরি লস (Loss) হ্রাসকরণ;

- নতুন প্রযুক্তির উপকেন্দ্র নির্মাণের মাধ্যমে নিরাপদ বিদ্যুৎ সরবরাহ এবং নতুন গ্রাহক সংযোগ সুবিধা তৈরী করা।

**৯। প্রকল্পের প্রস্তাবিত মূল কার্যক্রমঃ**

**নতুন একটি ভূ-গর্ভস্থ ১৩২/৩৩/১১ কেভি উপকেন্দ্রের মূল কার্যক্রমসমূহ নিম্নরূপঃ**

- ১৩২/৩৩ কেভি (১২০ এমভিএ) পাওয়ার ট্রান্সফরমার (জিআইটি) স্থাপন- ৩টি ;
- ৩৩/১১ কেভি (৫০ এমভিএ) পাওয়ার ট্রান্সফরমার (জিআইটি) স্থাপন- ৩টি ;
- ১৩২ কেভি জিআইএস- ১০ সেট, ৩৩ কেভি জিআইএস- ১৬ সেট এবং ১১ কেভি সুইচগিয়ার- ২৯ সেট;
- সোর্স উপকেন্দ্রে ১৩২ কেভি আউটডোর ব্রেকার স্থাপন- ৩ সেট ;
- ১৩২ কেভি আন্ডারগ্রাউন্ড সোর্স লাইন নির্মাণ- ১ লট ;
- পূর্ত কাজ- ১ লট (ভূমি উন্নয়ন, আবাসিক ভবন নির্মাণ, পুরাতন বিদ্যমান অবকাঠামো/রাস্তা অপসারণ ইত্যাদি);
- ক্যাবল টানেল নির্মাণ (কাওরানবাজার সাইট সংলগ্ন গার্ডেন রোড বরাবর কাজী নজরুল ইসলাম এভিনিউ পর্যন্ত)
- টানেলের মাধ্যমে ৩৩ কেভি ও ১১ কেভি আউটগোয়িং ফিডার ক্যাবল লাইন স্থাপন ;
- যানবাহন- ৩টি ইত্যাদি ;

**১০। প্রকল্পের অংগ ভিত্তিক ব্যয় বিভাজনঃ** প্রকল্পের অংগ ভিত্তিক ব্যয় বিভাজন সংযোজনী "ক" -তে বর্ণিত হয়েছে।

**১১। পরিকল্পনা কমিশনের বিশ্লেষণ:**

**(ক) প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমিঃ**

বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে জমির দুষ্প্রাপ্যতা বিবেচনায় বাংলাদেশ সরকারের সম্মতির প্রেক্ষিতে জাপানী সংস্থা জাইকা কর্তৃক ঢাকা শহরে আন্ডারগ্রাউন্ড উপকেন্দ্র নির্মাণের প্রয়োজনীয়তা নিরূপণের জন্য একটি feasibility study সম্পাদন করা হয়। জাইকার নিয়োগকৃত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক উক্ত স্টাডির প্রতিবেদন ডিসেম্বর, ২০১৬ দাখিল করা হয়। উক্ত প্রতিবেদনে ২টি আন্ডারগ্রাউন্ড সাব-স্টেশন স্থাপনের সুপারিশ করা হয়। এ জন্য ৬টি সম্ভাব্য জায়গার মধ্যে ডেসকোর জন্য গুলশান এবং ডিপিডিসি'র জন্য কাওরানবাজার স্থান দুইটি গ্রহণযোগ্য হিসাবে বিবেচিত হয়। অর্থায়নের বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক ১৯/০১/২০১৭ তারিখে বিদ্যুৎ বিভাগ, ডেসকো, ডিপিডিসি, ইআরডি ও জাইকার প্রতিনিধির এক যৌথ সভা হয় এবং Minutes of Discussion (MoD) স্বাক্ষরিত হয়। (ডিপিপি পৃঃ ৩৪৬-৩৪৭) উক্ত MoD মোতাবেক জাইকার অর্থায়নে ঢাকা শহরে দুটি ভূ-গর্ভস্থ উপকেন্দ্র নির্মাণ প্রকল্পের একটি প্যাকেজ গৃহীত হয় যার দুইটি অংগ, একটি ডেসকোর গুলশানস্থ এবং অপরটি ডিপিডিসি'র কওরানবাজারস্থ উপকেন্দ্র নির্মাণ। পরবর্তীতে ১৭ মে ২০১৭ তারিখে জাপান সরকারের ৩৮তম ইয়েন লোন প্যাকেজের খসড়া বিনিময় নোটের উপর ERD তে সভা অনুষ্ঠিত হয় (ডিপিপি পৃঃ নং-৫২৫)। পরবর্তীতে বিদ্যুৎ বিভাগ গত ২৩/০৫/২০১৭ তারিখে প্রকল্প যাচাই কমিটির সভার পর ডিপিপি পুনর্গঠন করতঃ অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে গত ১০/০৯/২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করে। উল্লেখ্য, গত ০৬/১২/২০১৬ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ডিপিডিসি'র অপর একটি প্রকল্প অনুমোদনকালে ডিপিডিসি'র আওতাধীন এলাকায় নির্মিতব্য উপকেন্দ্রসমূহ Underground এ নিয়ে যাওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সিদ্ধান্ত প্রদান করা হয়।

**(খ) প্রকল্পের আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ (ডিপিপি পৃঃ-৮):**

ডিপিপিতে প্রদত্ত প্রকল্পের আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ নিম্নরূপঃ

| | ডিসকাউন্ট রেট ১৫% (আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ) | | আর্থিক বিশ্লেষণ WACC[i]: ৭.৪১৩% ধরে এবং অর্থনৈতিক বিশ্লেষণ ডিসকাউন্ট রেট ১৫% ধরে | |
|---|---|---|---|---|
| | আর্থিক | অর্থনৈতিক | আর্থিক | অর্থনৈতিক |
| NPV | (-) ২৮৬৬৬.৯৯ লক্ষ টাকা | ৪৯৩৪১.১৫ লক্ষ টাকা | ৯০৫৭.০৭ লক্ষ টাকা | ৪৯৩৪১.১৫ লক্ষ টাকা |
| BCR | ০.৯০১ | ১.২১২ | ১.০১২ | ১.২১২ |
| IRR | ৮.৩০% | ২৬.৩০ % | ৮.৩০% | ২৬.৩০ % |

i-> WACC: Weighted Average Cost of Capital

**(গ) পরিকল্পনা কমিশনের মতামতঃ**

১১.১ বাংলাদেশের প্রেক্ষাপটে ঢাকার ব্যস্ততম জায়গায় (কাওরান বাজার এলাকায়) Indoor টাইপ উপকেন্দ্র নির্মাণ করে ভূমির বহুবিধ ব্যবহার ও উপযোগীতা বৃদ্ধির বিষয়টি বিবেচনা করা যেত। এতে ব্যয় কম হতো অথচ উদ্দেশ্য অর্জিত হতো। কিন্তু কি বিশেষ কারিগরি সুবিধার কারণে প্রায় ৪-৫ গুন বর্ধিত ব্যয়ে Underground Type উপকেন্দ্র নির্মাণ করা হচ্ছে তা বিদ্যুৎ বিভাগ সভাকে অবহিত করতে পারে;

১১.২ একই Minutes of Discussion(MoD) এর আওতায় ২টি পৃথক প্রকল্পের ক্ষেত্রে ভিন্ন Discount Rate বিবেচনা করে FIRR ও EIRR নির্ণয় করা হয়েছে, এমনকি একই প্রকল্পের ক্ষেত্রেও FIRR ও EIRR নির্ণয়ে ভিন্ন Discount Rate ব্যবহার করা হয়েছে। বিষয়টি নিয়মসিদ্ধ নয় যা সিদ্ধান্ত গ্রহণে ভুল তথ্য প্রদান করবে। বিবেচ্য ডিপিপি'র ১৭ নং অনুচ্ছেদে বর্ণিত FIRR এবং EIRR এর ক্ষেত্রে ডিসকাউন্ট রেট হিসেবে যথাক্রমে ৭.৪১৩% এবং ১৫% ধরা হয়েছে। কিন্তু বিদ্যমান পরিপত্র অনুযায়ী উভয় ক্ষেত্রেই ১৫% ধরার কথা। কিন্তু কী কারণে এ ভিন্নতা তা সভায় আলোচনা করা যেতে পারে;

১১.৩ উন্নয়ন সহযোগী সংস্থা জাইকা এর মতামতের কারণে (যা ডিপিপি'তে ৫৩০ নং পৃষ্ঠায় রক্ষিত) বিদ্যুৎ বিভাগে অনুষ্ঠিত আলোচ্য প্রকল্পের ওপর যাচাই কমিটির সভায় গৃহীত কোন সিদ্ধান্তই (বিশেষ করে প্রকল্পের মেয়াদকাল ও পরামর্শকের জনমাস হ্রাসকরণ ও ঠিকাদারের আয়কর পৃথকভাবে প্রদর্শীত না করা ইত্যাদি) ডিপিপি'তে প্রতিফলিত হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে। ডিপিডিসি'র সাথে আলোচনায় জানা যায় ইতোমধ্যে ২৯ জুন, ২০১৭ তারিখে জাইকার সাথে বাংলাদেশ সরকারের এ প্রকল্পের বিষয়ে ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বিদ্যুৎ বিভাগের যাচাই কমিটির সিদ্ধান্ত উপেক্ষা করে এবং ৪-৫ গুণ বেশী ব্যয়ে এবং প্রকল্পটি গ্রহণের সুনির্দিষ্ট কোন অগ্রগতি ছাড়াই চুক্তিটি স্বাক্ষরের বিষয়ে বিদ্যুৎ বিভাগ সভাকে অবহিত করতে পারে;

১১.৪ প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে জাপানী কোন প্রতিষ্ঠানই এ প্রকল্পের কাজ করবে নাকি বিষয়টি উন্মুক্ত থাকবে এ বিষয়ে স্বাক্ষরিত চুক্তি শর্তে কি বলা আছে তা বিদ্যুৎ বিভাগ সভাকে অবহিত করতে পারে;

১১.৫ বিদ্যমান পরিপত্র অনুযায়ী ডিপিপি অনুমোদনের পূর্বের ব্যয় (যদি হয়ে থাকে) ডিপিপি'র ব্যয় প্রাক্কলন থেকে বাদ দেয়া সমীচীন হবে;

১১.৬ প্রাইস কন্টিনজেন্সী ও ফিজিক্যাল কন্টিনজেন্সী খাতের ব্যয় প্রাক্কলন যথাক্রমে ৭২৪৩.৫৫ লক্ষ টাকা ও ২৪৬৮.৪৪ লক্ষ টাকা যা অতিরিক্ত বলে মনে হয় এবং তা যৌক্তিক পর্যায়ে হ্রাস করা যেতে পারে;

১১.৭ স্থানীয় পরামর্শক খাতে পরামর্শকের জন-মাস উল্লেখ না করে থোক হিসেবে ৬.০০০০ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে- যা সুনির্দিষ্টভাবে উল্লেখ করা প্রয়োজন। অপরদিকে বৈদেশিক পরামর্শক বাবদ ৬৮.১২৬৭ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। প্রকৃত প্রয়োজনের ভিত্তিতে স্থানীয় ও বৈদেশীক পরামর্শকের সংখ্যা/জনমাস/ব্যয় হ্রাস করতে হবে;

১১.৮ ডিপিপি'র ১৩ নং অনুচ্ছেদে প্রকল্প সমাপান্তে এর রক্ষণাবেক্ষণ ও মেরামত খাতের ব্যয় ও কারিগরি বিষয়াবলী সঠিকভাবে উল্লেখ করা হয়নি। প্রকল্পের নিরাপদ Exit এর জন্য এ সকল তথ্য সঠিকভাবে অন্তর্ভুক্ত করা প্রয়োজন;

১১.৯ ডিপিপি'র ২০ নং অনুচ্ছেদে প্রকল্পের প্রধান প্রধান অংগের সাথে ডেসকো কর্তৃক প্রস্তাবিত সমজাতীয় একই ক্ষমতাসম্পন্ন প্রকল্পের প্রধান প্রধান অংগের প্রাক্কলনের তুলনামূলক চিত্র উল্লেখ করা যেতে পারে;

১১.১০ ডিপিপি'র ৩১ নং অনুচ্ছেদে এ প্রকল্পের জন্য কোন ঝুঁকি 'প্রযোজ্য নেই' মর্মে উল্লেখ করা হয়েছে। কিন্তু বাংলাদেশে প্রথম এ ধরণের একটি নতুন টেকনোলজী ব্যবহার হতে যাচ্ছে মর্মে এ ডিপিপি'তে উল্লেখ রয়েছে। তাই এ ক্ষেত্রে কি কি ঝুঁকির সম্ভাবনা রয়েছে যাচাইকরতঃ নিবিড়ভাবে তা মোকাবিলার পদক্ষেপ এ অনুচ্ছেদে সংযোজন করা যেতে পারে;

১১.১১ বিদ্যমান পরিপত্র অনুযায়ী ডিপিপি'র কলেবর সীমিত রাখার নিমিত্ত ডিপিপি'তে সম্পূর্ণ Feasibility Report এর কপি সংযোজন না করে শুধু সার-সংক্ষেপ সংযোজন করা যেতে পারে এবং প্রয়োজনে আলাদাভাবে চাহিদা মোতাবেক পরিকল্পনা কমিশনসহ সংশ্লিষ্টদের পূর্ণ Feasibility Report প্রদান করা যেতে পারে।

১১.১২ প্রকল্প এলাকায় বিদ্যমান অবকাঠামো অপসারণের জন্য ডিপিপিতে ৩০০.০০ লক্ষ টাকা ব্যয় প্রাক্কলন করা হয়েছে। মূলতঃ বিদ্যমান ভবন অপসারণের মাধ্যমে বাস্তবায়নকারী কর্তৃপক্ষ অর্থ ব্যয়ের পরিবর্তে আয় করতে পারে। এছাড়া, ইপিসি ঠিকাদারকে জমি বুঝিয়ে দেয়ার পর ডিপিপি'তে ভূমি উন্নয়ন ব্যয় বাবদ পৃথকভাবে প্রস্তাবিত ৫২.১৫ লক্ষ টাকার যৌক্তিকতা সম্পর্কে বিদ্যুৎ বিভাগ সভাকে অবহিত করতে পারে। কারণ Underground স্থাপনা নির্মাণের জন্য মাটি খননের বিষয়টি ঠিকাদারের চুক্তিতেই অন্তর্ভুক্ত থাকার কথা;

১১.১৩ ডিপিপিতে ক্ষতিপূরণ বাবদ পিডিবি'কে প্রদানের জন্য প্রস্তাবিত ৪.২১ কোটি টাকার বিষয়ে সভায় আলোচনা করা যেতে পারে;

১১.১৪ গত ০৬/১২/২০১৭ তারিখে একনেক কর্তৃক দু'টি শর্ত সাপেক্ষে (সিদ্ধান্তঃ ১০.২) "ডিপিডিসি'র আওতাধীন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ"-শীর্ষক প্রকল্পটি অনুমোদিত হয়- যা নিম্নরূপঃ

> "(খ) প্রকল্প এলাকায় বিদ্যুতের Sub-Station গুলো Underground-এ নিয়ে যাওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
>
> (গ) আন্ডার গ্রাউন্ড চ্যানেলগুলো মাল্টি পারপাস হতে হবে যাতে কেবল অপারেটরদের কেবলসমূহ সেই চ্যানেলগুলো ব্যবহার করতে পারে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।"

উপরোক্ত একনেক এর ১০.২ (গ) নং শর্ত আলোচ্য প্রকল্পের ক্ষেত্রে প্রতিপালনপূর্বক ডিপিপি প্রণয়ন করা যৌক্তিক ছিল। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগ সভায় আলোকপাত করতে পারে।

(কাজী জাহাঙ্গীর আলম)
যুগ্ম-প্রধান
বিদ্যুৎ উইং

সংযোজনী ক

"ডিপিডিসি'র আওতায় ঢাকার কাওরানবাজারে ভূ-গর্ভস্থ উপকেন্দ্র নির্মাণ"-শীর্ষক প্রকল্পের অংগভিত্তিক ব্যয় বিভাজন (ডিপিপি পৃঃ- ৩):

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | অঙ্গের বিবরণ | পরিমাণ | মোট ব্যয় | জিওবি (বৈদেশিক মুদ্রা) | বৈদেশিক ঋণ | ডিপিডিসি এর নিজস্ব অর্থায়ন | প্রকল্পের মোট ব্যয়ের শতাংশ (%) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | (ক) রাজস্ব | | | | | | |
| ১ | কর্মকর্তাদের বেতন | ৮জন | ৪৯১.৩৪ | ০.০০ | ০.০০ | ৪৯১.৩৪ | ০.৪৯ |
| ২ | কর্মচারীদের বেতন | ১৩জন | ২৪০.৯৪ | ০.০০ | ০.০০ | ২৪০.৯৪ | ০.২৪ |
| ৩ | বাড়ীভাড়া ভাতা | ২১জন | ৪৩৯.৩৭ | ০.০০ | ০.০০ | ৪৩৯.৩৭ | ০.৪৪ |
| ৪ | উৎসব ভাতা | ২১জন | ১৩৪.২৫ | ০.০০ | ০.০০ | ১৩৪.২৫ | ০.১৩ |
| ৫ | চিকিৎসা ভাতা | ২১জন | ৯৯.৭১ | ০.০০ | ০.০০ | ৯৯.৭১ | ০.১০ |
| ৬ | যাতায়াত ভাতা | ২১জন | ৪৯.৫৩ | ০.০০ | ০.০০ | ৪৯.৫৩ | ০.০৫ |
| ৭ | টেলিফোন ভাতা | ৮জন | ৯.৭৫ | ০.০০ | ০.০০ | ৯.৭৫ | ০.০১ |
| ৮ | অন্যান্য (বিদ্যুৎ, সিপিএফ এবং গ্রাচুইটি ভাতা) | ২১জন | ২১১.৮৮ | ০.০০ | ০.০০ | ২১১.৮৮ | ০.২১ |
| সরবরাহ ও সেবা | | | | | | | |
| ৯ | ভ্রমণ ব্যয় | থোক | ১৫.০০ | ০.০০ | ০.০০ | ১৫.০০ | ০.০১ |
| ১০ | অফিস ভাড়া | ৩২৫.২৮ বর্গ মিটার | ১৬৩.৮০ | ০.০০ | ০.০০ | ১৬৩.৮০ | ০.১৬ |
| ১১ | ডাক ব্যয় | ৭৮ অফিস-মাস | ২.৩৪ | ০.০০ | ০.০০ | ২.৩৪ | ০.০০ |
| ১২ | টেলিফোন/ টেলিগ্রাফ/ টেলিপ্রিন্টার | ৭৮ অফিস-মাস | ১৫.৬০ | ০.০০ | ০.০০ | ১৫.৬০ | ০.০২ |
| ১৩ | টেলেক্স/ ফ্যাক্স/ ইন্টারনেট | ৭৮ অফিস-মাস | ১৯.৫০ | ০.০০ | ০.০০ | ১৯.৫০ | ০.০২ |
| ১৪ | রেজিস্ট্রেশন ফি, কনভারশন ইত্যাদি (১টি গাড়ী) | ১টি | ৪.৫০ | ০.০০ | ০.০০ | ৪.৫০ | ০.০০ |
| ১৫ | পানি | ৭৮ অফিস-মাস | ৩.১২ | ০.০০ | ০.০০ | ৩.১২ | ০.০০ |
| ১৬ | বিদ্যুৎ | ৭৮ অফিস-মাস | ১৫.৬০ | ০.০০ | ০.০০ | ১৫.৬০ | ০.০২ |
| ১৭ | গ্যাস ও জ্বালানি | থোক | ৬.২৪ | ০.০০ | ০.০০ | ৬.২৪ | ০.০১ |
| ১৮ | পেট্রোল ও লুব্রিকেন্ট ( ৩ টি যানবাহন) | ৭৮ যানবাহন-মাস | ৫৮.৫০ | ০.০০ | ০.০০ | ৫৮.৫০ | ০.০৬ |
| ১৯ | ব্যাংক চার্জ | যন্ত্রপাতির ০.৫% | ১৫৮.৩৩ | ০.০০ | ০.০০ | ১৫৮.৩৩ | ০.১৬ |
| ২০ | কমিশন ব্যাংক ইন্টারেস্ট | ১ লট | ৫.০০ | ০.০০ | ০.০০ | ৫.০০ | ০.০০ |
| ২১ | মুদ্রণ ও বাধাই | ১ লট | ১০.০০ | ০.০০ | ০.০০ | ১০.০০ | ০.০১ |
| ২২ | ষ্টেশনারী, সিল ও ষ্ট্যাম্প | ১ লট | ১৫.০০ | ০.০০ | ০.০০ | ১৫.০০ | ০.০১ |
| ২৩ | বইপত্র ও সাময়িকী | ১ লট | ০.৫০ | ০.০০ | ০.০০ | ০.৫০ | ০.০০ |
| ২৪ | প্রচার ও বিজ্ঞাপন | ১ লট | ০.৬০ | ০.০০ | ০.০০ | ০.৬০ | ০.০০ |
| ২৫ | প্রশিক্ষণ ব্যয় | ১৯ জন-মাস | ১৮২.০০ | ০.০০ | ০.০০ | ১৮২.০০ | ০.১৮ |
| ২৬ | আপ্যায়ন ব্যয় | ৭৮ অফিস-মাস | ৬.২৪ | ০.০০ | ০.০০ | ৬.২৪ | ০.০১ |
| ২৭ | পরিবহন ব্যয় | ১ লট | ২০.০০ | ০.০০ | ০.০০ | ২০.০০ | ০.০২ |
| ২৮ | ক্ষতিপূরণ ব্যয় | ১ লট | ৪২১.৮২ | ০.০০ | ০.০০ | ৪২১.৮২ | ০.৪২ |
| ২৯ | কনসালটেন্সি | ১৯০ জন-মাস, লোকাল-থোক | ৭৪১২.৬৭ | ০.০০ | ৬৮১২.৬৭ | ৬০০.০০ | ৭.৩৯ |
| ৩০ | নিরাপত্তা প্রহরী | ১ লট | ৫৬.১৬ | ০.০০ | ০.০০ | ৫৬.১৬ | ০.০৬ |
| ৩১ | সম্মানী ভাতা/ ফি/ পারিশ্রমিক | ১ লট | ৪৩৫.৮০ | ০.০০ | ২৬০.৮৭ | ১৭৪.৯৩ | ০.৪৩ |
| ৩২ | সার্ভে (IEE, EIA, EMaP এবং EMoP) | ১ লট | ৪৩৬.০০ | ০.০০ | ০.০০ | ৪৩৬.০০ | ০.৪৩ |

| ক্রমিক নং | অংশের বিবরণ | পরিমাণ | মোট ব্যয় | জিওবি (বৈদেশিক মুদ্রা) | বৈদেশিক ঋণ | ডিপিডিসি এর নিজস্ব অর্থায়ন | প্রকল্পের মোট ব্যয়ের শতাংশ (%) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ৩৩ | হায়ারিং চার্জ (ক্রেইন, ফর্ক লিফট, ট্রেইলার ইত্যাদি) | ১ লট | ১০.০০ | ০.০০ | ০.০০ | ১০.০০ | ০.০১ |
| মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন | | | | | | | |
| ৩৪ | যানবাহন (৩টি) মেরামত ও সংরক্ষণ | ২৩৪ যানবাহন-মাস | ২৮.০৮ | ০.০০ | ০.০০ | ২৮.০৮ | ০.০৩ |
| ৩৫ | আসবাবপত্রাদি মেরামত ও সংরক্ষণ | ৭৮ অফিস-মাস | ২.৩৪ | ০.০০ | ০.০০ | ২.৩৪ | ০.০০ |
| ৩৬ | অফিস সরঞ্জামাদি মেরামত ও সংরক্ষণ | ৭৮ অফিস-মাস | ৩.৯০ | ০.০০ | ০.০০ | ৩.৯০ | ০.০০ |
| **উপ-মোট -ক (রাজস্ব) :** | | | **১১১৮৫.৪১** | **০.০০** | **৭০৭৩.৫৪** | **৪১১১.৮৭** | **১১.১৬** |
| **(খ) মূলধন** | | | | | | | |
| **সম্পদ সংগ্রহ** | | | | | | | |
| ৩৭ | মোটর যান | ৩টি (*(জিপ-১ টি, ডাবল ক্যাব পিকআপ-১ টি, কার- ১) | ১৪৭.৮০ | ০.০০ | ০.০০ | ১৪৭.৮০ | ০.১৫ |
| ৩৮ | কম্পিউটার ও যন্ত্রাংশ | ১১টি | ৮.২০ | ০.০০ | ০.০০ | ৮.২০ | ০.০১ |
| ৩৯ | অফিস সরঞ্জাম | ২টি | ৪.৯১ | ০.০০ | ০.০০ | ৪.৯১ | ০.০০ |
| ৪০ | আসবাবপত্র | ৭৩টি | ১১.৩১ | ০.০০ | ০.০০ | ১১.৩১ | ০.০১ |
| ৪১ | বৈদ্যুতিক সরঞ্জাম | ১ লট | ৩১৬৬৬.৫৭ | ০.০০ | ৩১৬৬৬.৫৭ | ০.০০ | ৩১.৫৯ |
| **নির্মাণ ও পূর্ত** | | | | | | | |
| ৪২ | ভূমি উন্নয়ন | ৫০০০ ঘন মিটার | ৫২.১৫ | ০.০০ | ০.০০ | ৫২.১৫ | ০.০৫ |
| ৪৩ | ভবন ও অবকাঠামো নির্মাণ (গ্রাউন্ড ফ্লোর ব্যতীত ৪টি বেজমেন্ট: শীতাতাপ নিয়ন্ত্রণ ও আংশিক নিরাপত্তা ব্যয়সহ) | ৬৭১৮ বর্গ মিটার | ১৫১০৫.৮৮ | ০.০০ | ১৫১০৫.৮৮ | ০.০০ | ১৫.০৭ |
| ৪৪ | বৈদুতিক স্থাপনা ব্যয় (ইন্সটলেশন) | ১ লট | ৪৪৪৩.৮৩ | ০.০০ | ৪৪৪৩.৮৩ | ০.০০ | ৪.৪৩ |
| ৪৫ | ভবন ডেমোলিশন | ১ লট | ৩০০.০০ | ০.০০ | ০.০০ | ৩০০.০০ | ০.৩০ |
| ৪৬ | আমদানি শুল্ক ও ভ্যাট | ৪৬% | ১৬৮৬৯.৬১ | ১৬৮৬৯.৬১ | ০.০০ | ০.০০ | ১৬.৮৩ |
| ৪৭ | ঠিকাদারের আয়কর | ৭% | ৩৫৮৫.১৪ | ৩৫৮৫.১৪ | ০.০০ | ০.০০ | ৩.৫৮ |
| ৪৮ | কনসালটেন্ট এর আয়কর | ১২% | ৮৮৯.৫২ | ৮৮৯.৫২ | ০.০০ | ০.০০ | ০.৮৯ |
| ৪৯ | ভ্যাট (ঠিকাদার ও কনসালটেন্ট) | ৬% ও ১৫% | ১৯৫৯.০৭ | ১৯৫৯.০৭ | ০.০০ | ০.০০ | ১.৯৫ |
| **মূলধন থোক ও বিবিধ মূলধন ব্যয়** | | | | | | | |
| ৫০ | বিবিধ মূলধন ব্যয় | থোক | ৫০.০০ | ০.০০ | ০.০০ | ৫০.০০ | ০.০৫ |
| ৫১ | আই. ডি. সি | LC-৩%, FC-৪% | ৪২৬৪.৯৮ | ০.০০ | ০.০০ | ৪২৬৪.৯৭ | ৪.২৫ |
| **উপ-মোট -খ (মূলধন) :** | | | **৭৯৩৫৮.৯৭** | **২৩৩০৩.৩৪** | **৫১২১৬.২৮** | **৪৮৩৯.৩৪** | **৭৯.১৬** |
| **(গ) প্রাইস কন্টিনজেন্সি (রাজস্ব ও মূলধন এর ৮%)** | | ৮% | ৭২৪৩.৫৫ | ১৮৬৪.২৭ | ৪৬৬৩.১৯ | ৭১৬.১০ | ৭.২৩ |
| **(ঘ) ফিজিক্যাল কন্টিনজেন্সি ২% (ব্যতিক্রম:পরামর্শক ও পূর্ত ব্যয়ের-৫%** | | ২% | ২৪৬৮.৪৪ | ৪৬৬.০৭ | ১৮২৩.৩৫ | ১৭৯.০২ | ২.৪৬ |
| **সর্বমোট (ক+খ+গ+ঘ) :** | | | **১,০০,২৫৬.৩৭** | **২৫৬৩৩.৬৮** | **৬৪৭৭৬.৩৬** | **৯৮৪৬.৩৩** | **১০০.০০** |